**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

**2022 সালের থ্যাংকসগিভিং উইকএন্ডের সময়ে স্টেট পুলিশের ট্রাফিক নিরাপত্তা ক্যাম্পেইন চালু করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা**

***স্টেট পুলিশ ও স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ছুটির সময়ে অ্যালকোহল বা মাদক গ্রহণের পর বা আগ্রাসী গাড়ি চালানো ঠেকাতে টহল বৃদ্ধি করবে***

***ছুটির দিনে ভ্রমণ সহজতর করার জন্য নির্মাণকাজ সম্পর্কিত কারণে লেন বন্ধ থাকা 23 নভেম্বর, বুধবার সকাল 6টা থেকে 28 নভেম্বর, সোমবার সকাল 6টা পর্যন্ত সীমিত করা হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলি অনিরাপদ গাড়ি চালানো সংক্রান্ত আচরণ ঠেকাতে একটি বিশেষ ট্র্যাফিক নিরাপত্তা উদ্যোগে অংশগ্রহণ করবে যেহেতু শীতকালীন ছুটির মৌসুম শুরু হতে যাচ্ছে। থ্যাংকসগিভিং উইকএন্ডের এই উদ্যোগ বুধবার, 23 নভেম্বর থেকে সোমবার, 28 নভেম্বর পর্যন্ত চলবে।

"ঐতিহ্যগতভাবে থ্যাংকসগিভিং বছরের সবচেয়ে ব্যস্ত সময়গুলোর মধ্যে একটি, এবং আমাদের শীর্ষ অগ্রাধিকার হচ্ছে সবাই যাতে নিরাপদে নিজেদের গন্তব্যে পৌঁছাতে পারে এবং সেখান থেকে ফিরে আসতে পারে," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের সড়কপথগুলোতে সবার জীবনকে হুমকির মুখে ফেলে দেওয়া মাতাল ও বেসামাল গাড়ি চালকদের ব্যাপারে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে। যদি আপনার থ্যাংকসগিভিং উদযাপনে অ্যালকোহল অন্তর্ভুক্ত থাকে, তাহলে মাতাল অবস্থায় নেই এমন একজন গাড়ি চালকের মাধ্যমে নিরাপদে বাড়ি ফিরে যাওয়ার জন্য পরিকল্পনা করে রাখুন।"

থ্যাংকসগিভিং এর উইকএন্ডের ব্যস্ত সময়ে ভ্রমণ সহজতর করার প্রচেষ্টায়, 23 নভেম্বর, বুধবার সকাল 6টা থেকে শুরু করে 28 নভেম্বর, সোমবার সকাল 6টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটের হাইওয়েগুলোতে সড়ক ও সেতু নির্মাণের প্রকল্পগুলোর কারণে সাময়িকভাবে লেন বন্ধ রাখা স্থগিত থাকবে। গাড়ি চালকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে স্থায়ী কংক্রিটের ব্যারিয়ারের পিছনে অথবা জরুরি মেরামতের জন্য কিছু কাজ অব্যাহত থাকতে পারে। নির্মাণ বন্ধ নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার্স ফার্স্ট উদ্যোগের সাথে মিলে যায়, যা ট্র্যাফিক জ্যাম কমানোর জন্য এবং সড়ক

ও সেতুর কাজের জন্য যাত্রা বিলম্ব কমানোর জন্য গাড়ি চালকের সুবিধাকে অগ্রাধিকার প্রদান করে।

**নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেন্ডেন্ট স্টিভেন এ. নিগ্রেলি বলেন,** "থ্যাংকসগিভিং এর ছুটির দিনের উইকএন্ডে মোটরযান চালকদের নিজেদের পরিবার ও বন্ধুবান্ধবের সঙ্গে সাক্ষাতের উদ্দেশ্যে স্টেটজুড়ে ভ্রমণ করার সময়ে, আমরা তাদেরকে নিরাপদে গাড়ি চালানোর অনুশীলনগুলোকে নিজেদের শীর্ষ অগ্রাধিকার বানিয়ে নেওয়ার জন্য উৎসাহিত করছি। বেসামাল অবস্থায় এবং আগ্রাসীভাবে গাড়ি চালানো, মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানো, নিরাপত্তা ব্যবস্থা ব্যবহার না করা এবং গাড়ি চালানোর সময়ে মেসেজ পাঠাতে থাকা, এর সবগুলো অর্থহীনভাবে আঘাত পাওয়া ও মৃত্যুর জন্য দায়ী। স্টেট পুলিশ আমাদের সড়কপথগুলোকে অধিকতর নিরাপদ করে তুলতে অঙ্গীকারাবদ্ধ রয়েছে এবং একসঙ্গে আমরা সবার জন্য একটি নিরাপদ ও আনন্দপূর্ণ থ্যাংকসগিভিং নিশ্চিত করতে পারবো।"

**গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটির সভাপতি এবং মোটর যান বিভাগের (Department of Motor Vehicles) কমিশনার মার্ক জে. এফ. শ্রোয়েডার বলেন,** "আমরা চাই পরিবার ও বন্ধুবান্ধবের সঙ্গে সাক্ষাত করার জন্য যারা ভ্রমণ করছেন তারা সবাই যাতে নিরাপদে নিজেদের গন্তব্যস্থলে পৌঁছে যান এবং বেপরোয়া ও বেসামাল অবস্থায় গাড়ি চালানো পরিহার করার মাধ্যমে এটি করা যাবে। অ্যালকোহল বা মাদক দ্বারা প্রভাবিত হয়ে গাড়ি চালালে তা আপনার, আপনার সাথের যাত্রী এবং রাস্তার অন্য সবাইকে বিপদে ফেলে। মাতাল নন এমন অবস্থায় গাড়ি চালানোর মাধ্যমে এই থ্যাংকসগিভিং এর সময়ে একটি মর্মান্তিক দুর্ঘটনা প্রতিরোধ করুন।"

**স্টেটের পরিবহন বিভাগের (Department of Transportation) কমিশনার ম্যারি থেরেস ডমিঙ্গুয়েজ বলেন,** "আমাদের সড়কগুলো থ্যাংকসগিভিং এর সময়ে বিশেষভাবে ব্যস্ত হয়ে পড়ে, এবং সবার জন্য ভ্রমণকে সহজতর ও অধিকতর নিরাপদ করার জন্য আমরা ছুটির দিনের উইকএন্ড পর্যন্ত নির্মাণকাজ বন্ধ রাখবো এবং এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থাগুলো সড়কের নিরাপত্তা সংক্রান্ত পদক্ষেপগুলোর ব্যাপারে তাদের প্রচেষ্টা নিবদ্ধ রাখবে। আমরা সবাই নিরাপদে আমাদের পরিবারের সাথে একত্রিত হতে এবং অন্যান্য উদযাপনের অনুষ্ঠানে গমন করতে চাই, আর একারণেই মোটরযান চালকদেরকে নিজেদের ভূমিকাটুকু পালন করতে হবে এবং গাড়ি চালানোর সময়ে ভালো বিচারবোধ অনুশীলন করতে হবে। এর মানে হলো সড়কের নিয়মগুলো মেনে চলা, বেসামাল বা মনোযোগ বিক্ষিপ্ত অবস্থায় গাড়ি চালানো থেকে বিরত থাকা, এবং আপনার ফোনের দিকে না তাকানো। গাড়ি চালানোর সময় দায়িত্বশীল ও সতর্ক থাকা জন নিরাপত্তার প্রতি এবং প্রত্যেকের ব্যক্তিগত নিরাপত্তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশের একটি ভালো উপায়।"

**নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকল বলেন,** "থ্যাংকসগিভিং এর ছুটির দিন ভ্রমণের জন্য বছরের মধ্যে অন্যতম ব্যস্ততম সময় এবং আমরা মোটরযান চালকদের প্রতি নিরাপদে গাড়ি চালাতে, ধীর গতিতে চলাচল করতে এবং সড়কে জরুরি ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত যানবাহনের জন্য পথ ছেড়ে দিতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। গাড়ি চালকরা যখন গাড়ি চালানোর সময় অনিরাপদ সিদ্ধান্ত গ্রহণ করেন, তখন তারা জীবনকে ঝুঁকির মুখে ফেলে দেন। দেশের মধ্যে

অন্যতম সবচেয়ে নিরাপদ সুপার হাইওয়ে হিসেবে এই থ্রুওয়ের অবস্থান ধরে রাখার জন্য আমাদের সঙ্গে অংশীদার হওয়ায় আমরা নিউ ইয়র্ক স্টেট পুলিশকে ধন্যবাদ জানাই।"

থ্রুওয়ে অথরিটি গাড়ি চালকদের মনে করিয়ে দিচ্ছে যে 450 মিলিয়ন ডলারের বেসরকারি বিনিয়োগ ও আধুনিকায়ন প্রকল্পের অংশ হিসেবে নয়টি পরিষেবার এলাকা বন্ধ আছে এবং নির্মাণকাজ চলমান রয়েছে। সব জায়গায় জ্বালানি পরিষেবা খোলা থাকবে। নির্মাণকাজ চলাকালীন সময়জুড়ে থ্রুওয়ের গ্রাহকদের সেবা প্রদান করা অব্যাহত রাখা নিশ্চিত করতে ভ্রমণের একই পথে অবস্থিত পর পর কোনো দুইটি পরিষেবা এলাকা সংস্কারকাজের জন্য বন্ধ থাকবে না। মোটর চালকরা পরিষেবার এলাকাগুলি দেখতে এবং থ্রুওয়ের কর্তৃপক্ষের ওয়েবসাইটে এবং বিনামূল্যে মোবাইল অ্যাপে তাদের থামার জায়গাগুলির পরিকল্পনা করতে পারেন।

স্টেট পুলিশ স্টেটজুড়ে নিয়মিত টহলের পাশাপাশি সম্পূরক হিসেবে বেসামাল অবস্থায় গাড়ি চালানো শনাক্ত করার জন্য নিবেদিত টহলের ব্যবস্থা করবে, যার মধ্যে মাদক শনাক্তকরণ বিশেষজ্ঞ, নির্দিষ্ট স্থানে মাতাল অবস্থায় না থাকা যাচাই করার চেকপয়েন্ট, অপ্রাপ্তবয়স্কদের অ্যালকোহল পান করা সংক্রান্ত আইন প্রয়োগ, গতিসীমা সংক্রান্ত আইন প্রয়োগ, এবং হাতে ধরে রাখা ডিভাইসে কথা বলতে থাকা বা মেসেজ পাঠাতে থাকা গাড়ি চালকদের আরো ভালো ভাবে খুঁজে বের করার জন্য সাদা পোশাকে ট্রাফিক আইন প্রয়োগকারী সংস্থার (Concealed Identity Traffic Enforcement) টহল যানবাহন ব্যবহার করা অন্তর্ভুক্ত রয়েছে।এই চিহ্নবিহীন যানগুলি প্রতিদিনের সাধারণ যানবাহনের সাথে মিশে যায়, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যাবে।

বেশি পরিমাণের যানের সমাগম সাধারণত থ্যাঙ্কসগিভিং ছুটির সপ্তাহান্তে ঘটে। এছাড়া এটি এমন এক সময় যখন ব্যাপকভাবে অ্যালকোহল পান করা হয়। 2021 সালের থ্যাংকসগিভিং এর ছুটির সময়ে মোট 12,975টি টিকেট ইস্যু করা হয়েছিল। ট্রুপাররা DWI-এর জন্য 183 জন গাড়ি চালককে গ্রেপ্তার করেছেন, 4,609টি স্পিডিং টিকেট এবং মনোযোগ বিক্ষিপ্ত অবস্থায় গাড়ি চালানোর জন্য 340টি টিকেট ইস্যু করেছেন।

বেসামাল অবস্থায় গাড়ি চালানোকে নিরুৎসাহিত করতে গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটি এবং এটির অংশীদাররা #BoycottBlackoutWednesday হ্যাশট্যাগ ব্যবহার করে দেশব্যাপী একটি সোশ্যাল মিডিয়া বিল্টজ-এ অংশগ্রহণ করবে।

গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটি থ্যাংকসগিভিং এর সময়ে বেসামাল অবস্থায় গাড়ি চালানো সংক্রান্ত আইন প্রয়োগের এই উদ্যোগে অর্থায়ন করছে।গভর্নরের যানবাহন সংক্রান্ত নিরাপত্তা কমিটি এবং নিউ ইয়র্ক স্টেট STOP-DWI ফাউন্ডেশন (New York State STOP-DWI Foundation) গাড়ি চালকদের মনে করিয়ে দিচ্ছে যে তাদের "হ্যাভ এ প্ল্যান" ("Have a Plan") মোবাইল অ্যাপটি, অ্যাপল (Apple), অ্যান্ড্রয়েড (Android) ও উইন্ডোজ (Windows) স্মার্টফোনের জন্য লভ্য রয়েছে। অ্যাপটি নিউ ইয়র্কারদের একটি ট্যাক্সি বা রাইড শেয়ার পরিষেবা খুঁজে বার করতে এবং কল করতে এবং একটি মনোনীত ড্রাইভার তালিকা প্রোগ্রাম করতে সক্ষম করে।

এটি DWI আইন এবং জরিমানা সম্পর্কেও তথ্য প্রদান করে, এবং একজন সন্দেহভাজন চালক সম্পর্কে রিপোর্ট করারও উপায় প্রদান করে।

মাতাল বা নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানো শুধু গাড়ি চালকের জীবন এবং অন্যদের জীবনকে ঝুঁকির মুখে ফেলে তাই নয়, বরং এটি গ্রেপ্তার হওয়া, কারাবন্দী হওয়া এবং উল্লেখযোগ্য পরিমাণে জরিমানা ও আইনজীবীর ফি পরিশোধ করার কারণ হতে পারে। গড় মদ্যপান করে গাড়ি চালানোর কারণে গ্রেফতারের জন্য 10,000 ডলার পর্যন্ত খরচ হয়।

মাতাল ও নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর কারণে গ্রেপ্তার হওয়া গাড়ি চালকরা তাদের ড্রাইভিং লাইসেন্স হারানো, উচ্চতর বিমার হার এবং আইনজীবীর ফিস, জরিমানা ও আদালতের খরচ, গাড়ি টেনে নেওয়া ও মেরামত, এবং কর্মস্থলে সময় হারানো সহ বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ব্যয়ের সম্মুখীন হন।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ, গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটি এবং জাতীয় হাইওয়ে ট্রাফিক নিরাপত্তা প্রশাসন (National Highway Traffic Safety Administration) বেসামাল অবস্থায় গাড়ি চালানো প্রতিরোধ করার জন্য কয়েকটি সহজ পরামর্শ মেনে চলার জন্য সুপারিশ করেছেন:

- আনন্দ শুরু করার আগে বাড়িতে নিরাপদে ফিরে যাওয়ার একটি পরিকল্পনা প্রস্তুত রাখুন।
- মদ্যপানের আগে, একজন সুস্থ চালককে মনোনীত করুন।
- আপনি যদি প্রভাবিত হন, তাহলে ট্যাক্সি বা রাইডশেয়ারিং পরিষেবা ব্যবহার করুন, একজন মাতাল নয় এমন বন্ধুকে বা পরিবারের সদস্যকে কল করুন, বা গণপরিবহন ব্যবহার করুন।
- আপনার কমিউনিটির সোবার রাইড কর্মসূচি ব্যবহার করুন।
- আপনি যদি সন্দেহ করেন যে রাস্তায় একজন চালক নেশাগ্রস্থ, তাহলে নির্দ্বিধায় আপনার স্থানীয় আইন বলবতকরণ বিভাগের সাথে যোগাযোগ করুন।
- যদি আপনার কোনো পরিচিত ব্যক্তি বেসামাল অবস্থায় গাড়ি চালানোর জন্য উদ্যত হয়, তাহলে তাদের চাবি নিয়ে নিন এবং তারা যেখানে যাচ্ছেন সেখানে নিরাপদে পৌঁছানোর জন্য অন্য ব্যবস্থা করতে তাদেরকে সাহায্য করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418